

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৫৩.১৭-৩৫৫

তারিখঃ ৩০ আশ্বিন ১৪২৫
১৫ অক্টোবর ২০১৮

বিষয়: রিট পিটিশন নং-১৩৭৪২/২০১৭ এর ১৭/০৫/২০১৮ খ্রি. তারিখের রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ রায় স্থগিতকরণ।

সূত্র: ফরিদপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ফরিদপুর, পাবনা এর সহকারী লাইব্রেরিয়ান জনাব মো: জানে আলম কর্তৃক গত ২৩/০৯/২০১৮ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, ফরিদপুর, পাবনা এর সহকারী লাইব্রেরিয়ান জনাব মো: জানে আলম কর্তৃক বেতন ভাতার সরকারি অংশ দাবী করে হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ১৩৭৪২/২০১৭ দায়ের করা হয়।

০২। বর্ণিত রিট পিটিশন মামলার ১৭/০৫/২০১৮ খ্রি. তারিখের রায় সরকারের বিপক্ষে ঘোষিত হওয়ায় জরুরিভিত্তিতে আপীল দায়েরসহ রায় স্থগিত করা প্রয়োজন। অন্যথায় সরকারের স্বার্থ ক্ষুণ্ণ হওয়ার প্রবল আশংকা বিদ্যমান।


০৩। The Supreme court of Bangladesh (Appellate Division) Rules 1998 এর Order xiii অনুযায়ী আপীল দায়েরের মেয়াদ ৬০ দিন। উক্ত রিট মামলার রায় সরকারের আর্থিক সংশ্লেষ জড়িত থাকায় জরুরিভিত্তিতে রায় স্থগিতসহ আপীল দায়েরের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১৩৭৪২/২০১৭ এর ১৭/০৫/২০১৮ খ্রি. তারিখের রায়/আদেশের বিরুদ্ধে আগামী ০৫/১১/২০১৮ খ্রি. তারিখের মধ্যে আপীল দায়েরক্রমে গৃহীত কার্যক্রম এ বিভাগকে অবহিত করার নিমিত্ত নিম্নোক্ত তথ্যাদি প্রেরণ করা হলো-

- (১) রিট পিটিশন নং-১৩৭৪২/২০১৭ মামলার বুলনিশি ও আর্জির কপি তীর দপ্তরে থাকায় সংযুক্ত করা হলো না।
- (২) রিট পিটিশন নং-১৩৭৪২/২০১৭ এর ১৭/০৫/২০১৮ তারিখের রায়/আদেশের কপি- ০৩ (তিন) পাতা।
- (৩) ওকালতনামা-০১ (এক) পাতা।

০৫। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে আগামী ০৫/১১/২০১৮ খ্রি. তারিখের মধ্যে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


(নূরজাহান বেগম)

সহকারী সচিব (অডিট ও আইন)

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা।

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। অফিস কপি/মাস্টার কপি।